গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কলাপাড়া, পটুয়াখালী
www.kalapara.patuakhali.bd

**বিষয় : উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এস, এম রাকিবুল আহসান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলাপাড়া, পটুয়াখালী। |
| তারিখ | : | ২১ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. |
| সময় | : | সকাল ১০.২০ ঘটিকা |
| আলোচ্য মাস | : | আগস্ট, ২০২২ খ্রি. |
| স্থান | : | উপজেলা প্রশাসন সভা কক্ষ, কলাপাড়া, পটুয়াখালী। |

**উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-ক**

সভার শুরুতে সভাপতি সদ্য যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব শংকর চন্দ্র বৈদ্য সহ উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি স্বাগত বক্তব্য প্রদান করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য বিষয় : ০১.০০ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ, সংশোধন ও অনুমোদন সম্পর্কিত :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। | বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় দৃঢ়করণ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

**আলোচ্য বিষয় : ০২.০০ বিভাগীয় কার্যক্রম নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **০২. ০১ : স্বাস্থ্য বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে, কোন সমস্যা নাই। করোনা টিকাদান কার্যক্রম যথাযথভাবে চালু আছে। উদ্দিষ্ট জনগোষ্ঠীর শতকরা ৮০ ভাগের অধিক লোককে টিকাদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। অনতিবিলম্বে সরকারের নির্দেশনা অনুযায়ী ৫-১১ বৎসরের বাচ্চাদের টিকাদান কার্যক্রম চালু হবে। সে বিষয়ে প্রাথমিক কার্যক্রম চালু রয়েছে। তিনি আরও জানান, পৌরসভা কর্তৃক হাসপাতালের একটি পানির সংযোগ দেয়া হলে হাসপাতালে সেবাদান কার্যক্রম সহজ হবে। | পৌরসভা কর্তৃক হাসপাতালের একটি পানির সংযোগ প্রদানের জন্য মেয়র, কলাপাড়া পৌরসভাকে অনুরোধ জানানো হয়। | ১.উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।<br>২। মেয়র, কলাপাড়া পৌরসভা। |
| **০২.০২ প্রাণিসম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ বিভাগ মূলত: দুই ধরণের কার্যক্রম করে থাকে। একটি হলো চিকিৎসা; যা একটি সাধারণ চলমান কার্যক্রম। অন্যটি সম্প্রসারণ কার্যক্রম; যা বিভিন্ন প্রকল্পের সহযোগিতায় করা হয়ে থাকে। বিভিন্ন ধরণের রোগ বালাই নিয়ন্ত্রণ ও প্রতিরোধে কার্যক্রম জোরদার করতে উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেন। বর্তমানে অত্র উপজেলা একটি পশু জবাই খানা স্থাপনের কার্যক্রম শুরু হয়েছে। পরিপূর্ণ বাস্তবায়ন করা হলে অত্র উপজেলায় জনস্বাস্থ্য কার্যক্রম আরও জোরদার সম্ভব হবে।<br><br>এছাড়া, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | পশু জবাই খানা নির্মাণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কলাপাড়া |

| | | |
|---|---|---|
| **০২.০৩ : কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি অফিসার সভায় বলেন যে, আমন চূড়ান্ত আবাদ হয়েছে ৩১০০০ একর। ধানের চারার এখন বৃদ্ধি পর্যায়ে রয়েছে। আবহাওয়া ধানের জন্য অনুকূলে রয়েছে এবং ১ম সারের উপরি প্রয়োগ চলছে। সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। অদ্য পর্যন্ত ইউরিয়া ৩৫০ টন, ডিএপি ৭০ টন, এমওপি ৯ টন, টিএসপি ২৮ টন সার মজুদ রয়েছে। একই সাথে সিইউএফএল এর ৬১০ টন ইউরিয়া সার লোডিং পর্যায়ে এবং পরিবহন পর্যায়ে রয়েছে। তিনি আরও জানান, কৃষি জমিতে লোনা পানি যাতে প্রবেশ করতে না পারে এবং পানি প্রবাহ নিয়ন্ত্রণ করার লক্ষ্যে স্লুইস গেটসমূহ রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। অনেক সময় দেখা যায় স্লুইস গেটসমূহের বন্ধ থাকার পরেও নীচ/ পার্শ্ব দিয়ে লবন পানি ফসলি জমিতে প্রবেশ করে। এতে ফসলের বিরাট ক্ষতি হয়। তিনি স্লুইস গেটের নিয়ন্ত্রন, পুরাতন স্লুইস গেট মেরামত/পুনর্নির্মাণ বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করেন। | ১। কৃষি জমিতে লোনা পানির প্রবেশ রোধ এবং পানি প্রবাহ নিয়ন্ত্রণ করার লক্ষ্যে স্লুইসসমূহ সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কলাপাড়াকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, কলাপাড়া<br>২। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কলাপাড়া, পটুয়াখালী।<br>৩। ইউপি চেয়ারম্যান, সকল |
| **০২.০৪ মৎস্য বিভাগ :**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কলাপাড়া সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের বিষয়ে আলোচনা করা গেল না। | অনুপস্থিত | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কলাপাড়া |
| **০২.০৫ পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কলাপাড়া, সভায় বলেন যে, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প.প.অফিসার, কলাপাড়া |
| **০২.০৬: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:** | | |
| উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কলাপাড়া সভায় জানান যে,<br>(ক) সকল ইউনিয়ন সমূহ থেকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প তালিকা না পাওয়ায় আগামী ০৫/১০/২০২২খ্রি: তারিখের মধ্যে সকল ইউনিয়ন সমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প তালিকা জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়। | (ক) সকল ইউনিয়ন সমূহ থেকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির প্রকল্প তালিকা নিয়ে যাচাই বাছাইপূর্বক বিধি মোতাবেক খাতভিত্তিক চূড়ান্ত তালিকা প্রস্তুত করে আগামী উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় পেশ করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কলাপাড়া ও সদস্য সচিব, প্রকল্প বাছাই কমিটিকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কলাপাড়া |
| (খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কলাপাড়া সভায় আরও জানান যে, উপজেলা পরিষদ কমপ্লেক্স নতুন ভবনে উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারের কক্ষের অভ্যন্তরীন কাঠামো সংরক্ষন ও রক্ষণাবেক্ষনের জন্য ফ্লোর টাইলস্ ও ইন্টোরিয়র ডিজাইন করা প্রয়োজন এছাড়া নতুন কমপ্লেক্স ভবনের উপরের এবং পোর্টস্ ছাদের প্যাটেন্ড স্ট্যান্ড, ভবনটির পিছনের আউট সাইড প্লাস্টার ও রং করণ, চিলেকোঠার ৫ ইঞ্চি ব্রিকস ওয়ার্কস্ গাথুনী, প্লাস্টার ও রং করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন। | (খ) উপজেলা পরিষদ কমপ্লেক্সের নতুন ভবনে টাইলস স্থাপন, রুমের অভ্যন্তরীন কাঠামো সংরক্ষন ও রক্ষণাবেক্ষনসহ ভবনের অন্যান্য কাজ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল/ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কলাপাড়া |
| (গ) উপজেলা নির্বাহী অফিসার কলাপাড়া সভায় বলেন যে, তার বাস ভবনটি পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় মেরামত/সংস্কার, রং করা এবং উপজেলা পরিষদ কমপ্লেক্সে ব্যবহারের অনুপযোগী সকল সরকারি ভবনাদি/আসবাবপত্র/অন্যান্য মালামাল কনডেম ঘোষণা করা একান্ত প্রয়োজন। | (গ) উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনটি মেরামত/সংস্কার করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল/ উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কলাপাড়া |

| | | |
|---|---|---|
| | প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ জানানো হয় এবং<br><br>উপজেলা পরিষদ কমপ্লেক্সে ব্যবহারের অনুপযোগী সকল সরকারি ভবনাদি/ আসবাবপত্র / অন্যান্য মালামাল কনডেম ঘোষণার জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ করা হয়। | |
| (ঘ) উপজেলা নির্বাহী অফিসার কলাপাড়া সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন নির্মাণ করার জন্য ইতিপূর্বে মাটি পরীক্ষার কাজ সম্পন্ন করা হয়েছে। | (ঘ) মাটি পরীক্ষা পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কলাপাড়া |
| **০২.০৭ দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ :**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ১ম পর্যায়ের বরাদ্ধের বিপরীতে বিভাজন অনুযায়ী সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ উপজেলা পরিষদের চেয়ারম্যানকে দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্য অনুরোধ জানান। টিআর খাতের অর্থদ্বারা সংশ্লিষ্ট ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থানগুলোতে পর্যায়ক্রমে আইন-শৃঙ্খলা উন্নতি সাধনের জন্য সিসি ক্যামেরা স্থাপনের প্রকল্পটি অধিক গুরুত্ব প্রদান করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোদ জানান। কাবিখা/কাবিটা খাতের অর্থদ্বারা মুজিববর্ষের ভূমিহীন ও গৃহহীনদের জন্য যে সকল ব্যারাক/ক্লাসারের মাধ্যমে গৃহ প্রদান করা হয়েছে সে সকল প্রকল্পের অভ্যন্তরীন রাস্তা তৈরির জন্য অধিক গুরুত্ব প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করেন। এছাড়া দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,কলাপাড়া। ২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| **০২.০৮ সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা অফিসার, কলাপাড়া জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক সমাজসেবা কার্যালয়কে পুরাতন ভবনের ৩য় তলা হতে ঐ একই ভবনের নিচতলায় স্থানান্তর করা হয়েছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে, কোন সমস্যা নাই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কলাপাড়া। |
| **০২.০৯ : মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র উপজেলার মাধ্যমিক শিক্ষা কার্যালয়ের কার্যাবলী অত্যন্ত স্বাভাবিক ও সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। গত ১৫/০৯/২০২২ খ্রি. তারিখ এসএসসি, দাখিল ও এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা শুরু হয়েছে। এসএসসি পরীক্ষার ৫টি কেন্দ্র ও ২টি ভেন্যু রয়েছে। অপরপক্ষে দাখিল পরীক্ষার ২টি কেন্দ্র এবং এসএসসি (ভোকেশনাল) পরীক্ষার ১টি কেন্দ্র রয়েছে। পরীক্ষাসমূহ সুন্দর, সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে। গত ০৭/০৯/০২২২ তারিখ ও ০৮/০৯/২০২২ খ্রি. তারিখ উপজেলা পর্যায়ের গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলাপাড়া<br>২। সংশ্লিষ্ট সকল। |
| **০২.১০ প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, আগামী নভেম্বর/২০২২ মাসে জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন পরিচালিত হবে। তার দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নাই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ১।উপজেলা শিক্ষা অফিসার, কলাপাড়া<br>২। সংশ্লিষ্ট সকল। |
| **০২.১১ মহিলা বিষয়ক অধিদপ্তর:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , কলাপাড়া |

| | | |
|---|---|---|
| **০২.১২ যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| **০২.১৩ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কলাপাড়া সভায় জানান যে, ২০টি মিনি পাইপ ওয়াটার স্কিমের বরাদ্দ পাওয়া গেছে। প্রতিটি স্কিমের মাধ্যমে ৪০টি পরিবার সুপেয় পানি সরবরাহ করা হবে। ১২টি ইউনিয়ন পরিষদের মাধ্যমে সাইট সিলেকশন/ তালিকা প্রণয়ন কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | মিনি পাইপ ওয়াটার স্কিমের তালিকা দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ জানানো হয়। | ১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), কলাপাড়া, পটুয়াখালী। |
| **০৩.১৪ পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের বিষয় আলোচনা করা গেল না। | অনুপস্থিত | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কলাপাড়া |
| **০২.১৫ সমবায় বিভাগ :**<br>উপজেলা সমবায় কর্মকর্তা কলাপাড়া সভায় বলেন যে, সমবায় বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার, কলাপাড়া |
| **০২.১৬: ইউজিডিপি প্রকল্প:**<br>উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটর (ইউডিএফ) কলাপাড়া সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যহত রাখতে হবে। | ইউডিএফ, কলাপাড়া |
| **০২.১৭: বন বিভাগ:**<br>রেঞ্জ কর্মকর্তা কলাপাড়া জানান, দাপ্তরিক কাজ-কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যহত রাখতে হবে। | রেঞ্জ কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, কলাপাড়া, পটুয়াখালী। |
| **০২.১৮: পল্লী দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার কলাপাড়া সভায় জানান যে, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার |
| **০২.১৯ : পল্লী সঞ্চয় ব্যাংক :**<br>পল্লী সঞ্চয় ব্যাংক ব্যবস্থাপক কলাপাড়া সভায় বলেন যে, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কলাপাড়া |
| **০২.২০: ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি):**<br>সহকারী পরিচালক, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি, কলাপাড়া সভায় জানান যে, বর্তমান দূর্যোগ মৌসুমের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। ১২টি ইউনিয়ন ও ২টি পৌরসভায় মোট ৩১৬০ জন স্বেচ্ছাসেবক ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদের সাথে সমন্বয় ও তাদের নির্দেশনা মোতাবেক কাজ করবে এবং প্রস্তুত আছে। এ ছাড়া অন্যান্য দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), কলাপাড়া। |
| **০২.২১: পটুয়াখালী পানি উন্নয়ন বিভাগ:**<br>উপবিভাগীয় প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, কলাপাড়া সভায় জানান যে, খালে বাঁধ দিয়ে পানির প্রবাহ বন্ধ করলে পলি জমা হয়ে অচিরেই খাল ভরাট হওয়ার সম্ভাবনা থাকে। সেক্ষেত্রে বর্ষা মৌসুমে অল্প বৃষ্টিতেই জলাবদ্ধতার সৃষ্টি হয়। জলাবদ্ধতার কারণে ফসল উৎপাদান মারাত্মকভাবে ব্যহত হবে। যেসব স্লুইস গেইট মেরামত খুবই জরুরি সেগুলো তালিকা তৈরি করে পর্যায়ক্রমে মেরামত করা প্রয়োজন। আমরা প্রাকৃতিকে পরিবর্তন করতে পারি না। তবে, প্রকৃতির সাথে সমন্বয় করে কাজ করতে হবে। স্লুইস গেটগুলোর কমিটি দেয়ার জন্য খুব শীঘ্রই "উপজেলা পানি সম্পদ কমিটির" সভা আহবন | ১। যেসব গেইট মেরামত খুবই জরুরি সেগুলো তালিকা তৈরি করে পর্যায়ক্রমে মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। উপজেলা পানি সম্পদ কমিটির সভা করার সিদ্ধান্ত | নির্বাহী প্রকৌশলী পানি উন্নয়ন বোর্ড, কলাপাড়া, পটুয়াখালী। |

| | | |
|---|---|---|
| করা জরুরি মর্মে জানান। বর্তমানে কুয়াকাটা, মহিপুর এবং ডালবুগঞ্জ স্লুইস মেরামতের কাজ চলমান রয়েছে। | গৃহীত হয়। | |
| **০২.২২: নির্বাচন দপ্তর:**<br>উপজেলা নির্বাচন অফিসার, কলাপাড়া সভায় জানান যে, আগামী ১৭ অক্টোবর ২০২২ তারিখে পটুয়াখালী জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। অত্র উপজেলায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে ভোট কেন্দ্র নির্ধারণ করা হয়েছে। উক্ত নির্বাচনে জনপ্রতিনিধিগণ ভোট প্রদান করবেন। আইন-শৃংখলা সহ সকল বিষয়ে সার্বিক সহযোগিতা কামনা করেন। উক্ত নির্বাচনে উপজেলা পরিষদ হলরুম ব্যবহারের নির্দেশনা রয়েছে। উপজেলা পরিষদের নীচের হলরুমটির প্লাস্টার মাঝে মাঝে ভেঙ্গে পরায় এবং জরাজীর্ণ হওয়ায় উপরের হলরুমটি ব্যবহারের প্রস্তাব করেন।<br><br>তিনি আরও জানান, বর্তমানে ভোটার তালিকা হালনাগাদ ২০২২ কর্মসূচি অত্র উপজেলায় ৪র্থ পর্যায়ে চলমান আছে। গত ১৬ সেপ্টেম্বর থেকে ০৬ অক্টোবর, ২০২২ তারিখ পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহের কাজ চলমান আছে। এ বিষয়ে উপজেলা সামিক সাধারণ সভায় সকলকে অবহিত করা হয়েছে। এছাড়া, সকল ইউনিয়ন ও পৌরসভার সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে সভা করে অবহিত করা হয়েছে। ভোটার তালিকায় নতুন অন্তর্ভুক্তি, ভোটার তালিকা হতে মৃত ভোটারের নাম কর্তন এবং হস্তান্তরের কার্যক্রম চলছে। তথ্য সংগ্রহ শেষে আগামী ১০ অক্টোবর হতে ২০ নভেম্বর, ২০২২ পর্যন্ত পৌরসভা ও ইউনিয়ন পরিষদে রেজিস্ট্রেশন কেন্দ্রে ভোটার ছবি তোলা কার্যক্রম চলবে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সিদ্ধান্ত : জেলা পরিষদ নির্বাচনের ভোটকেন্দ্র হিসেবে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দ্বিতীয় তলায় অবস্থিত উপজেলা প্রশাসন সভাকক্ষটি ব্যবহারের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন অফিসার, কলাপাড়া, পটুয়াখালী। |

আলোচ্য বিষয় : **০৩:০০ ইউনিয়ন পরিষদ সম্পর্কিত আলোচনা :**

| | | |
|---|---|---|
| **০৩.০১ : চাকামইয়া ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, চাকামইয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, চাকামইয়া ইউনিয়ন পরিষদ। |
| **০৩.০২ : টিয়াখালী ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, টিয়াখালী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, টিয়াখালী ইউনিয়ন পরিষদ। |
| **০৩.০৩ : লালুয়া ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, লালুয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে,<br><br>ক) লালুয়া ইউনিয়নে ৪৬০০ একর জমি অধিগ্রহণের ফলে ১২টি ওয়ার্ড ও ৪টি ভোটকেন্দ্রের সাথে ৪, ৫, ৬ ও ৮নং ওয়ার্ড সম্পূর্ণ বিলুপ্ত হয়েছে। অতিসত্বর ওয়ার্ড পুন:বিন্যাস করা প্রয়োজন।<br>খ) চিংগুরিয়া খেয়াঘাট হতে উত্তর লালুয়া লঞ্চঘাট পর্যন্ত ওয়াপদা ভেরীবাঁদের কাজ বন্ধ থাকায় মানুষের চরম দুর্ভোগ হচ্ছে।<br>গ) মুক্তিযোদ্ধা বাজার ক্যালেন্ডারভুক্ত করার জন্য অনুরোধ জানান।<br>ঘ) গত ঝড়ে তাঁর ইউনিয়নের ৪জন লোক নিখোঁজ রয়েছে। তাদের পরিবার মানবেতর জীবন যাপন করছেন। তাদের পরিবারকে আর্থিক সাহায্য দেয়ার জন্য অনুরোদ করেন। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, কলাপাড়া, পটুয়াখালী।<br>২। চেয়ারম্যান, লালুয়া ইউনিয়ন পরিষদ।<br>৩। সংশ্লিষ্ট সকল। |
| **০৩.০৪ : মিঠাগঞ্জ ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, মিঠাগঞ্জ ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, কলাপাড়া উপজেলার ইউনিয়ন পরিষদের শূন্যপদে ২৪ জন মহল্লাদার (গ্রাম পুলিশ) নিয়োগের লক্ষ্যে ইতোমধ্যে লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়েছে। অভিযোগের কারণে পরীক্ষা স্থগিত রাখা হয়েছে। তদন্তে অভিযোগ মিথ্যা প্রমাণিত হওয়ায় অভিযোগ | বিধি মোতাবেক মহল্লাদারের (গ্রাম পুলিশ) নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট নিয়োগ কমিটি। |

| | | |
|---|---|---|
| নথিজাত হয়েছে। তিনি দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে মহল্লাদারের (গ্রাম পুলিশ) নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য অনুরোধ জানান। | | |
| **০৩.০৫ : নীলগঞ্জ ইউনিয়ন পরিষদ :**<br>চেয়ারম্যান নীলগঞ্জ ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নে ১৫টির অধিক স্লুইস রয়েছে। এর মধ্যে নিজকাটা গেয়াতলাসহ ৫টি স্লুইস বেহাল দশা। এগুলো জরুরি ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন। তাঁর ইউনিয়নে সার ডিলার না থাকায় অন্য ইউনিয়নের সার ডিলার কাজ করছে। তিনি তার ইউনিয়নে একজন সার ডিলার নিয়োগ দানের জন্য অনুরোধ জানান। এছাড়া, ইউনিয়ন পরিষদের দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ১। অকেজো স্লুইসসমূহ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কলাপাড়াকে অনুরোধ করা হলো।<br>২। নীলগঞ্জ ইউনিয়নে ১জন সার ডিলার নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, কলাপাড়াকে অনুরোধ করা হলো। | ১। উপজেলা কৃষি অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।<br>২। নির্বাহ প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কলাপাড়া, পটুয়াখালী।<br>৩। চেয়ারম্যান, নীলগঞ্জ |
| **০৩.০৬ : মহিপুর ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সভায় অনুপস্থিত থাকার কারণে আলোচনা করা গেলনা। | অনুপস্থিত | চেয়ারম্যান, মহিপুর ইউপি |
| **০৪.০৭ : লতাচাপলী ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, লতাচাপলী ইউনিয়ন পরিষদ সভায় অনুপস্থিত থাকার কারণে আলোচনা করা গেলনা। | অনুপস্থিত | চেয়ারম্যান, লতাচাবলী ইউপি |
| **০৩.০৮ : ধানখালী ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, ধানখালী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তাপ বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের ফলে ধানখালী ইউনিয়নের ০৩ টি ওয়ার্ড সম্পূর্ণ বিলুপ্তসহ ০৮ টি ওয়ার্ড প্রায় বিলুপ্তির পথে। আগামী ৭-৮ মাসের মধ্যে নির্বাচন হওয়ার সম্ভাবনা থাকায় ওয়ার্ড গুলো দ্রুত পুন:বিন্যাস করা করা প্রয়োজন। দাপ্তরিক কাজ কর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, ধানখালী ইউপি<br>২। সংশ্লিষ্ট সকল। |
| **০৩.০৯ : ধুলাসার ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, ধুলাসার ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, চাপলী বাজারে ৩ চুঙ্গা বিশিষ্ট স্লুইস রয়েছে। চায়না কোম্পানী নতুন ১ চুঙ্গা বিশিষ্ট স্লুইস করেছে। এর দ্বারা পানি নিস্কাসন হচ্ছে না। ফলে জলাবদ্ধতা তৈরি হয়েছে। এছাড়া, কিছু অসাধু লোক ধুলাসার ইউনিয়নের ৭ ও ৮ নং ওয়ার্ডের চরচাপলী ও পশ্চিম চাপলী গ্রামে স্লুইস গেটে বাঁধ দিয়ে মাছ চাষ করছে। এতে ফসলের ক্ষতি হচ্ছে। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া, দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কলাপাড়া, পটুয়াখালী।<br>২। চেয়ারম্যান, ধুলাসার ইউপি |
| **০৩.১০ : বালিয়াতলী ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, বালিয়াতলী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, স্লুইচ গেটসমূহ কিছু লোকের নিয়ন্ত্রণে থাকায় জলাবদ্ধতা সৃষ্টি হয়। স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত হচ্ছে না। তিনি স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত করার জন্য অনুরোধ জানান। বালিয়াতলী ইউনিয়নে অনেক প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের ঘাটতি রয়েছে। ফলে বিদ্যালয়সমূহে পাঠদান ব্যহত হচ্ছে। তিনি বিদ্যালয়সমূহে শিক্ষকের শূন্য পদসমূহ পূরণের জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান, তাঁর ইউনিয়নের লাল সবুজ বাজার এবং মুক্তিযোদ্ধা বাজার সহ ৫টি বাজার ক্যালেন্ডারভুক্ত করার জন্য সহকারী কমিশনার (ভূমি), কলাপাড়া এর অফিসে নামজারি পেন্ডিং রয়েছে। | ১। স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত করার জন্য উপজেলা ভাইস চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হলো।<br>২। প্রাথমিক বিদ্যালয়সমূহে শূন্য পদে জনবল পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, কলাপাড়াকে অনুরোধ করা হলো।<br>৩। বাজারসমূহের বিধি মোতাবেক নামজারি করার জন্য সহকারী কমিশনার | ১। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, কলাপাড়া, পটুয়াখালী।<br>২। উপজেলা শিক্ষা অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।<br>৩। সহকারী কমিশনার (ভূমি), কলাপাড়া, পটুয়াখালী। |

| | | |
|---|---|---|
| | (ভূমি), কলাপাড়াকে অনুরোধ করা হলো। | |
| **০৩.১১: ডালবুগঞ্জ ইউনিয়ন পরিষদ :**<br>চেয়ারম্যান, ডালবুগঞ্জ ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, ডাবলুগঞ্জ ইউনিয়নের চাপলীর বাজার ব্রিজ থেকে ছোনখোলা ও মনসাতলী বাঁধঘাটের কাটাভারানী ব্রিজ পর্যন্ত পাকা রাস্তা নির্মাণ করা অতীব জরুরি। বর্তমানে রাস্তাটি চাষা জমির মতো হয়ে গেছে। ৭,৮ ও ৯নং ওয়ার্ডের লোকজন ইউনিয়ন পরিষদ ও মহিপুর থানায় যেতে পারছে না। রাস্তাটি জরুরি ভিত্তিতে নির্মাণের জন্য অনুরোধ জানান।<br><br>২। ৫টি ওয়ার্ডের পানি প্রবাহের জন্য থানাখোলা ছয়চুঙ্গার একটি পুরাতন স্লুইস গেটের পার্শ্বে নতুন একটি স্লুইস গেট নির্মাণ করা হয়েছে। কিন্তু পুরাতন স্লুইস গেটটি বন্ধ করা হয়নি। ফলে লবন পনি শীঘ্রই প্রবেশ করার আশংকা রয়েছে। বর্তমানে অতিবৃষ্টি ও জোয়ারের পানি বাধাবিঘ্নহীন ভাবে প্রবেশ করে রোপা আমন পঁচে গেছে। পুরাতন স্লুইচটির সামনে বাঁধ দিয়ে এটি বন্ধ করা প্রয়োজন। | বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কলাপাড়া, পটুয়াখালী।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কলাপাড়া, পটুয়াখালী<br>৩। চেয়ারম্যান ডালবুগঞ্জ ইউপি কলাপাড়া |
| **০৩.১২ : চম্পাপুর ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, চম্পাপুর ইউনিয়ন পরিষদ সভায় অনুপস্থিত থাকার কারণে আলোচনা করা গেলনা। | অনুপস্থিত | চেয়ারম্যান চম্পাপুর ইউপি |

**<u>০৪.০০ বিবিধ আলোচনা</u> :**

০৪.০১: চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলাপাড়া সভায় জানান যে, চাকামইয়া ব্রীজের উত্তর পার্শ্বে টিয়াখালী ইউনিয়নের মধ্যে মহাসড়কে একটি অবৈধ মাছ বাজার বসছে। প্রতিদিন সকালে এখানে মাছের বাজার বসার ফলে নির্ধারিত হাটসমূহের ক্ষতি হচ্ছে এবং মহাসড়কে যানবাহন চলাচলে ব্যাঘাত ঘটছে। উক্ত অবৈধ বাজারটি বন্ধের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত : চাকামইয়া ব্রীজের উত্তর পার্শ্বে মহাসড়কে অবৈধ মাছ বাজার বন্ধের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪.০২ : উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া সভায় জানান যে, উপজেলা পরিষদের কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ১টি প্রিন্টার ক্রয় করা প্রয়োজন। সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।
সিদ্ধান্ত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩(ঙ) মোতাবেক ১টি প্রিন্টার ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪.০৩ : জনাব মোঃ শফিকুল আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলাপাড়া জানান যে, স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত করা প্রয়োজন। এজন্য তিনি সংশ্লিষ্ট দপ্তর প্রধানদের সহায়তা করার জন্য অনুরোধ জানান। স্ট্যান্ডিং কমিটির মাধ্যমে দপ্তরসমূহের সকল কার্যক্রম মনিটরিং করা যেতে পারে। ভিজিডি/ভিজিএফ এর তালিকা প্রকৃত দু:স্থ্য ব্যক্তিদের অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান।

সিদ্ধান্ত : ১। স্ট্যান্ডিং কমিটির সভাসমূহ নিয়মিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
২। ভিজিডি/ভিজিএফ এর তালিকা প্রকৃত দু:স্থ্য ব্যক্তিদের তালিকা দাখিল করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন।

২১/৯/২২

এস, এম রাকিবুল আহসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কলাপাড়া, পটুয়াখালী।

স্মারক নম্বর ০৫.১০.৭৮৬৬.১০২.০৬.০০৯.২১- ১০৬২ তারিখ : ২১/০৯/২০২২ খ্রি:

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১৪-পটুয়াখালী-৪।
০২। বিভাগীয় কমিশনার, বরিশাল।
০৩। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পটুয়াখালী।
০৫। মেয়র, কলাপাড়া পৌরসভা / কুয়াকাটা পৌরসভা, কলাপাড়া, পটুয়াখালী।
০৬। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলাপাড়া, পটুয়াখালী।
০৭। উপজেলা................................................................................ অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
০৮। চেয়ারম্যান,............................................................ইউনিয়ন পরিষদ (সকল), কলাপাড়া, পটুয়াখালী।
০৯। জনাব ........................................................................................................।

21.09.22

শংকর চন্দ্র বৈদ্য
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কলাপাড়া, পটুয়াখালী।